

“ কৃষিই সমৃদ্ধি ”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপপরিচালকের কার্যালয়
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
খামারবাড়ি, লক্ষ্মীপুর
www.dae.lakshmipur.gov.bd

স্মারক নং ১২.১৭.২০৫১.০৪১.০৫.০০১.২২- ৮২৫ (৩২)

তারিখ: ২৭/০৯/২০২৩ খ্রিঃ

বিষয়: চলতি আমন মৌসুমে জুলাই/২৩ খ্রিঃ হতে অক্টোবর/২৩ খ্রিঃ পর্যন্ত বরাদ্দের অতিরিক্ত ৪১৫৭ মেঃ টন ইউরিয়া, ১৭৮৩ মেঃ টন টিএসপি, ৭০৮ মেঃ টন ডিএপি, ১৭৪০ মেঃ টন এমওপি সার অতিরিক্ত বরাদ্দ প্রদানের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ প্রসঙ্গে।

- সূত্র: ১. উপজেলা কৃষি কর্মকর্তা সদর, লক্ষ্মীপুর এর স্মারক নং-৪৮৫, তারিখ : ২৫/০৯/২০২৩ খ্রিঃ
২. উপজেলা কৃষি কর্মকর্তা রায়পুর, লক্ষ্মীপুর এর স্মারক নং-১২.০২.৫১৫৮.০৪১.১৬.০১.২৩-১৫৪, তারিখ : ২০/০৯/২০২৩ খ্রিঃ
৩. উপজেলা কৃষি কর্মকর্তা রামগঞ্জ, লক্ষ্মীপুর এর স্মারক নং-১২.০১.৫১৬৫.০০০.৩৩.১২১.১৭-৪৬৫, তারিখ : ১৯/০৯/২০২৩ খ্রিঃ
৪. উপজেলা কৃষি কর্মকর্তা রামগতি, লক্ষ্মীপুর এর স্মারক নং-১০২৬, তারিখ : ২০/০৯/২০২৩ খ্রিঃ
৫. উপজেলা কৃষি কর্মকর্তা কমলনগর, লক্ষ্মীপুর এর স্মারক নং-৫৯৫, তারিখ : ১৯/০৯/২০২৩ খ্রিঃ মোতাবেক।

উপর্যুক্ত বিষয় ও সূত্র সমূহের আলোকে আপনার সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, জুলাই/২৩খ্রিঃ হতে অক্টোবর/২৩ খ্রিঃ মাস পর্যন্ত চলতি আমন মৌসুমে ১১৬৫২ মে.টন ইউরিয়া, ৩৮৫৪ মেঃ টন টিএসপি, ৫০৩৪ মেঃ টন ডিএপি ও ৫৯৬৬ মেঃ টন এমওপি সারের চাহিদা রয়েছে। সেপ্টেম্বর/২৩ খ্রিঃ পর্যন্ত অত্র জেলায় ৪৩৭৬ মেঃ টন ইউরিয়া, ১০৩৮ মেঃ টন টিএসপি, ২৫৬৭ মেঃ টন ডিএপি এবং ১০১৬ মেঃ টন এমওপি সার বরাদ্দ পাওয়া যায়। যাহা চলমান খরিপ-২ মৌসুমের চাহিদার তুলনায় কম। এছাড়া বিগত বছরের তুলনায় এ বছর ফসলের আবাদ ও ফল বাগান বৃদ্ধি পাওয়ায় কৃষক পর্যায়ে ইউরিয়া ও নন-ইউরিয়া সারের বাড়তি চাহিদা তৈরি হয়েছে। এমতাবস্থায় উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটি কর্তৃক প্রেরিত চাহিদা অনুযায়ী নিম্নবর্ণিত হারে ইউরিয়া ও নন ইউরিয়া সার অতিরিক্ত বরাদ্দের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ করা হল।

ক্রম নং	উপজেলার নাম	সারের অতিরিক্ত চাহিদার পরিমাণ (মেঃ টনে)				মন্তব্য
		ইউরিয়া	টিএপি	ডিএপি	এমওপি	
০১	লক্ষ্মীপুর সদর	১২০০	৬০০	০০	৪৫০	
০২	রায়পুর	৫০০	১৫০	২০০	৩৫০	
০৩	রামগঞ্জ	১৩৫৭	৮৩৩	৫০৮	৭৪০	
০৪	রামগতি	৫০০	২০০	০০	২০০	
০৫	কমলনগর	৬০০	০০	০০	০০	
	মোট	৪১৫৭	১৭৮৩	৭০৮	১৭৪০	

সংযুক্তি : উপজেলা হাতে প্রাপ্ত চাহিদা পত্র- ০৫ (পাঁচ) কপি।

জেলা প্রশাসক

ও

সভাপতি

জেলা সার ও বীজ মনিটরিং কমিটি, লক্ষ্মীপুর।

ড. মোঃ জাকির হোসেন

পরিচিতি নং ১৭৮২

উপপরিচালক

কৃষি সম্প্রসারণ অধিদপ্তর

খামারবাড়ি, লক্ষ্মীপুর

e-mail : dddae.lakshmipur@gmail.com

অনুলিপি :

- ১। অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, চট্টগ্রাম অঞ্চল, চট্টগ্রাম (সদয় অবগতির জন্য)।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, লক্ষ্মীপুর সদর/ রায়পুর/রামগঞ্জ/ রামগতি/ কমলনগর, লক্ষ্মীপুর।
- ৩। উপজেলা কৃষি অফিসার, লক্ষ্মীপুর সদর/ রায়পুর/রামগঞ্জ/ রামগতি/ কমলনগর, লক্ষ্মীপুর।
- ৪। অফিস কপি।

২৭/০৯/২৩